

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
কালুখালী, রাজবাড়ী

কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী


সভাপতি : জনাব মোঃ এনায়েত হোসেন, উপজেলা ভাইস চেয়ারম্যান, কালুখালী, রাজবাড়ী
সভার স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ
সভার তারিখ : ১৯/০৭/২০২১ খ্রিঃ, সময় : দুপুর ১২.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব কে কালুখালী উপজেলার কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কার্যক্রম তুলে ধরার জন্য অনুরোধ করেন

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>ক. জনাব পূর্ণিমা হালদার, উপজেলা কৃষি অফিসার, কালুখালী জানান যে, কালুখালী উপজেলার ৭টি ইউনিয়নে আউশ ধানের মৌসুম চলমান এবং ধানের অবস্থা ভালো। তবে এ বৎসর বুকডরা আশা করছি যে আউশ ধানের বাস্পার ফলন হবে। তিনি আরও জানান যে, কালুখালী উপজেলার ৭ টি ইউনিয়নে কৃষকদের জরিপ কাজ শেষ হয়েছে এবং কৃষি তথ্য বাতায়ন নামে একটি ওয়েব পোর্টাল খোলা হয়েছে। উক্ত ওয়েবপোর্টালে চাষীদের তথ্য পাওয়া যাবে। তাছাড়া প্রত্যেক সার ডিলারগণের দোকানে প্রচুর পরিমাণে সার রয়েছে। ডিলারগণকে মূল্য তালিকা টানিয়ে সার বিক্রি করতে নির্দেশনা প্রদান করা হয়েছে। তাছাড়া সারের মজুদ সন্তোষজনক এবং তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে।</p> <p>খ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালুখালী, সভায় জানান যে, আসন্ন বোরো মৌসুমে কালুখালী, উপজেলায় সারের যাতে কৃত্রিম সংকট না হয় এ ব্যাপারে বিশেষ নজরদারি বৃদ্ধি করার জন্য অনুরোধ জানান।</p> <p>গ. উপজেলা নির্বাহী অফিসার, কালুখালী প্রত্যেক সারের দোকানে বাধ্যতামূলক ভাবে মূল্য তালিকা টানানোসহ খুচরা ব্যবসায়ী ও ডিলারগণ যাতে কারসাজির মাধ্যমে সারের মূল্য বাড়াতে না পারে এ ব্যাপারে নজরদারি বৃদ্ধি করার জন্য সকল ইউ.পি. চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি আরও জানান যে, গ্রামগঞ্জে অনেক সময় বিভিন্ন ফসলের মড়ক দেখা দেয় এ ব্যাপারে তিনি দ্রুত সময়ে কৃষককে দ্রুত পরামর্শ দিয়ে সাহায্য করার জন্য প্রস্তাব করেন।</p>	<p>১. গৃহীত কর্মসূচির সফল বাস্তবায়ন করতে হবে।</p> <p>২. ডিলারদের মাধ্যমে বিধি মোতাবেক নির্দিষ্ট সময়ে সার উত্তোলন এবং মূল্যের বিষয়টি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।</p> <p>৩. সভাপতি এগ্রিমেন্ট/কৃষি পণ্যের বাজার যাতে নিয়মিত চালু থাকে সেজন্যে উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক নিয়মিত মনিটরিং করার জন্য পরামর্শ প্রদান করেন।</p> <p>৪. প্রত্যেক সারের দোকানে বাধ্যতামূলক ভাবে মূল্য তালিকা টানানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>৫. সভায় বিস্তারিত আলোচনার পর সারের কৃত্রিম সংকট রোধ করার জন্য বিশেষ ভাবে নজরদারি বৃদ্ধি করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন।</p> <p>৬. বন্যার পানি সরে গেলে ক্ষতিগ্রস্ত কৃষকদের পুনর্বাসনের জন্য প্রয়োজনীয় কৃষি উপকরণ মজুদ রাখতে হবে।</p> <p>সভায় বিস্তারিত আলোচনাতে কৃষি ও কৃষক এই দুয়ের মধ্যে সমন্বয় সাধনের মাধ্যমে এর বিস্তার বাড়ানোর ব্যাপারে সভায় সিদ্ধান্ত হয়।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ এনায়েত হোসেন)

ভাইস চেয়ারম্যান


উপজেলা পরিষদ, কালুখালী, রাজবাড়ী

তারিখঃ ১৯/০৭/২০২১

স্মারক নং-১২.১৮.৮২৪৭.০৪১.০৭.০৫০.২১/২৬৭

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, রাজবাড়ী।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, রাজবাড়ী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালুখালী, রাজবাড়ী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, কালুখালী, রাজবাড়ী।
- ৫। চেয়ারম্যান.....ইউপি, কালুখালী, রাজবাড়ী
- ৬। অফিস নথি



উপজেলা কৃষি অফিসার
কালুখালী, রাজবাড়ী